দৈনিক ইত্তেফাক

তারিখ 2 4 OCT 1992
পৃষ্ঠা 7 কলাম 4

98

# মন্টু গ্রুপ ছাত্রলীগের দখলে এস,এম হল

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (মঙ্গলবার) মন্টু সমর্থিত ছাত্রলীগের (মি-ল) একদল নেতা-কর্মী এস,এম হল দখল করিয়া নিয়াছে। ৯ই জানুয়ারী প্রতি-

(শেষ পৃ: ৮-এর ক: দ্র:)

## এস,এম হল

( ১ম পৃ: পর )

পক্ষের হামলায় এই ছাত্ররা বিতাড়িত হওয়ার পর এস, এম হল ছাত্রলীগের (ম-ই) নিয়ন্ত্রণে ছিল। জানা যায়, বেলা সাড়ে ১২টায় ছাত্রনেতা মোয়াজ্জেম, ববি ও নাহারের নেতৃত্বে ছাত্রলীগের ( মি-ল ) কর্মীরা কোন বাধা ছাড়াই হলে প্রবেশ করে। এই সময় হলে ক্ষণিকের জন্য আতংক দেখা দেয়। তবে মোয়াজ্জেম, ববির হস্তক্ষেপে পরক্ষণেই পরিস্থিতি শান্ত হয়। হল দখলকারী ছাত্ররা, বিভিন্ন কক্ষে ঘুরিয়া ছাত্রদের সহিত কুশল বিনিময় করে। তাহারা হলের সাধারণ ছাত্রদের জানায়, হলের বৈধ ছাত্র হওয়া সত্বেও তাহাদেরকে তাড়াইয়া দেওয়া হইয়াছিল। বৈধ ছাত্রদের বলা হয়, আপনারা সজাগ হউন। হলে কোন বহিরাগত অছাত্রকে থাকিতে দেওয়া হইবে না।

ছাত্রলীগের ( মি-ল ) কর্মীরা অকস্মাৎ হলে ঢুকিয়া পড়িলে ছাত্রলীগের (ম-ই) কর্মীদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। তাহাদের অনেকে তাড়াতাড়ি হল ত্যাগ করে। হল দখলের কিছু পরেই পুলিশের একটি বিরাট দল এলাকা ঘিরিয়া ফেলে। এলাকায় পুলিশ প্রহরা রহিয়াছে।

ছাত্রলীগের (মি-ল) সভাপতি মিজানুর রহমান আজাদ, সাধারণ সম্পাদক ওয়াহিদুজ্জামান লনি গতকাল এক বিবৃতিতে মোয়াজ্জেম-ববির নেতৃত্বে এস,এম হল দখলের ঘটনায় অভিনন্দন জানাইয়া বলিয়াছেন, দীর্ঘদিন পর এস,এম হল হইতে বহিরাগতদের বিতাড়িত করা সম্ভব হইয়াছে। বিবৃতিতে হলের সুষ্ঠু পরিবেশ বজায় রাখার আহ্বান জানান হয়।